


## লালপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত ঝড়ে উপড়ে পড়া ও মরা গাছ নিলামে বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের/আগ্রহী কাঠ ব্যবসায়ী ব্যক্তিগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাটোর জেলার পরিবেশ ও বন উন্নয়ন কমিটির ১৪/০৬/২০২৩ তারিখের ১২ নং সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী লালপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত ঝড়ে উপড়ে পড়া ও মরা ০২ টি শিশু, ০৩ টি মেহগনি, ০১ টি বাবলা, ০১ টি নিম গাছ নিলামে বিক্রয়ের জন্য আগামী ২৯/০৮/২০২৩ তারিখ সকাল ১১:০০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা ডাক অনুষ্ঠিত হবে। খোলা ডাকে অংশগ্রহণকারীদের নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা জামানত জমা প্রদান পূর্বক ডাকে অংশ গ্রহণ করতে হবে (যা ফেরত যোগ্য)। ডাকে অংশগ্রহণ করার পূর্বে সংশ্লিষ্ট গাছ গুলি সরেজমিন পরিদর্শন পূর্বক ডাকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

১. ডাকে অংশগ্রহণ করার পূর্বে জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা দিতে হবে যা ফেরতযোগ্য।
২. সর্বোচ্চ ডাককারীর অনুকূলে গাছ কর্তনের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।
৩. ডাক শেষ হওয়ার সঙ্গে সঙ্গে গাছের সমুদয় মূল্য পরিশোধ করতে হবে।
৪. সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ ডাককারীকে প্রদত্ত মূল্যের উপর ১০% আয়কর ও ৭.৫% হারে ভ্যাট-অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।
৫. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(শামীমা সুলতানা)  
উপজেলা নির্বাহী অফিসার  
লালপুর, নাটোর  
ফোন নম্বর-০২৫৮৮৮-৭৫৪০১  
মোবাইল: ০১৭৬২-৬৯২১১১  
[unolalpur@mopa.gov.bd](mailto:unolalpur@mopa.gov.bd)


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
লালপুর, নাটোর।  
[www.lalpur.natore.gov.bd](http://www.lalpur.natore.gov.bd)

০১ ভাদ্র ১৪৩০  
তারিখ: ২৮ আগস্ট ২০২৩

নং ০৫.৪৩.৬৯৪৪.০০০.০২.০২০.২২. ৭৬০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

১. জেলা প্রশাসক, নাটোর।
২. উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
৩. উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
৪. মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোর।
৫. চেয়ারম্যান (সকল)..... ইউপি, লালপুর, নাটোর।
৬. উপজেলা..... কর্মকর্তা, লালপুর, নাটোর।
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন ভূমি অফিস, লালপুর, নাটোর কে নোটিশ বোর্ডের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
৮. অফিস নথি।

  
(শামীমা সুলতানা)  
উপজেলা নির্বাহী অফিসার  
লালপুর, নাটোর।